খেলাফৎ সঙ্গীত।

১ম খণ্ড।

প্রকাশক—

মীর আবদুল মতীন।

খেলাফৎ কার্য্যালয়

জুবিলিঘাট, ময়মনসিংহ।

মূল্য /০ এক আনা মাত্র।

খেলাফৎ সঙ্গীত।

[illegible] খণ্ড।

প্রকাশক—

মীর আবদুল মতীন।

খেলাফৎ কার্য্যালয়

জুবিলিঘাট, ময়মনসিংহ।

মূল্য /• এক আনা মাত্র।

প্রেমোক্ত সঙ্গীত।

(১)

কি জানি কি সুরে গাহিব গান
সে যে গো আজ গিয়াছি ভুলে।
ভুলে গেছি সুর ভুলে গেছি তাল
তাইত হে ঘটে সদাই বেতাল
ধরণী কাঁদিছে "সাম্ভাল" "সামাল"
তরী বুঝি ডুবে সাগর কূলে।
ভেঙ্গে গেছে মোর বীণাখান
কি লয়ে আজিকে গাব আমি গান
কেবা ধরে আজ মম সনে তান
সকলে ঘুমায় নিদ্রার কোলে
সে দিন কি ফিরে আসিবে আবার
বিলাল লইয়ে সঙ্গীত সম্ভার
মাতাইতে প্রাণ এ বসুধার
জাগিতে সবাই আঁখিটি খুলে
আসুক আবার শালাহ উসমান
বিয়াল্লিশ কোটী হয়ে একপ্রাণ

গাহিব যখন 'আল্লাহু মহান'

অরি লয় পাবে ক্রন্দন রোলে ॥

---

(২)

কাজের সাড়া পড়েছে ধরায় কাজের মানুষ পাই না খুঁজে ।

কর্ম্মভেরী মধুর সুরে আকুল হয়ে ডাক্‌ছে তোরে

যাবে কে আয় কাজের বেলায়

থাকিস না আর আঁখি মুজে ।

আশার আলোক নয়নপটে, ঊষার বেশে আস্‌ছে ছুটে

রইলে কোথায় আয়রে সবায়

লইব মাথায় কাজের বুঝে ॥

সংসাররূপি সাগর বেলায়

পাল তুলেছি জীবন ভেলায়

যাচ্ছি বেয়ে ধেয়ে ধেয়ে

আর নাহি ভয় বীচির মাঝে ॥

---

(৩)

তুর্কীর সৈন্য তুর্কীর বল, তুর্কীর ধন ও জনবল

বৃদ্ধি হউক বৃদ্ধি হউক বৃদ্ধি হউক হে খোদাওয়ান্দ ।

তুর্কীর মাটি তুর্কীর জল তুর্কীর বায়ু তুর্কীর ফল

পুণ্য হউক পুণ্য হউক পুণ্য হউক হে খোদাওয়ান্দ ॥

তুর্কীর বাণী তুর্কীর গান তুর্কীর কথা তুর্কীর পণ
সত্য হউক সত্য হউক সত্য হউক হে খোদাওয়ান্দ ॥
তুর্কীর শঙ্কা তুর্কীর ভয় তুর্কীর শত্রু অরাতিচয়
লয় হউক লয় হউক লয় হউক হে খোদাওয়ান্দ।
তুর্কীর আশা তুর্কীর খেদ তুর্কী জাতির মহান জেদ
জয় হউক জয় হউক জয় হউক হে খোদাওয়ান্দ ॥

(৪)

কিসের দুঃখ কিসের দৈন্য কিসের লজ্জা কিসের ভয় ?
চল্লিশ কোটি ভ্রাতৃ মিলিয়া গাহিব যখন ধর্ম্মের জয়।
কষ্টের ভয়ে যখন আমার দেহ ছাড়িয়া যাইবে প্রাণ।
আমা হইতে মহান্ বীর প্রতিরুধির করিবে দান ॥
ধরা হইতে পাপের সরা মুছিতে মোস্লেম জনম লয়
পাপীর বিনাশ করিতে সাধন সহায় অপার মহিমাময়।
কিসের ... ... কিসের ভয় ॥
ইসলাম খলিফা করিতে ধ্বংস
কখনো পারেনি' পারেনি' কেউ
ধ্বংসের স্রোতে ডুবিবে অরি, যখন উঠিবে উঠিবে ঢেউ।
খলিফা ধ্বংস করিতে সাদ্দাদ
পারেনি' কখনো পারেনি' ফেরওয়ান
ধ্বংস করিতে যাইয়া ধ্বংস হয়েছে কত বীর পালওয়ান।

মক্কা বিজয় করিতে যাইয়া আস্‌হাবে ফিল পাইল লয়।
আবাবীলের ক্ষুদ্রশক্তি বিরাট বাহিনী করিল জয়॥
কিসের দুঃখ ... ... কিসের ভয়?
তোদের ডাকে জাগিল জগত জাগিল বর্ব্বর ইউরোপদেশ
তোদের শিক্ষার আলোক পাইয়া
পরিতে পারিল সুসভ্য বেশ
কিন্তু বুঝি না কালের গতি উল্টে পালট হইল সব
শিক্ষার অভাবে রয়েছ মরিয়া নাহিক মুখে একটু রব।
স্বাধীনতা যদিও নাহিক এবে
সে জন্য তোদের কি আছে ভয়
স্বাধীন ইসলাম, স্বাধীন মোস্লেম মানব স্বাধীন সতত রয়।
কিসের দুঃখ ... কিসের ভয়?

---

(৫)

কি ভয় কি ভয় ওরে কি ভয় কি ভয়
জানে না মোস্লেম কভু ভয় কারে কয়
কি মরু কি গহনে, কি কুঞ্জ কি কাননে
কি বন্ধুর গিরি'পরে কি সিন্ধু বিমানে
সর্ব্বত্র ইসলাম ধ্বজা গায় জয় জয়
মোস্লেমের ধ্বজা কভু হবে না বিলয়
কি ভয় কি ভয় ওরে কি ভয় কি ভয়?

সে মহা বিজয় ধ্বজা হবে না প্রণত
যতদিন থাকে এই নিখিল জগত
নহিলে কি দেখা যায় বর্দ্ধিত কলায়
উদিত সে ঊর্দ্ধ, নীল আকাশের গায়
কি ভয় কি ভয় তবে কি ভয় কি ভয়
গাও সবে ভীমনাদে ইসলামের জয়
ঐশী-বাণী যে কোরাণ দিতেছে অভয়
সনাতন ইসলামের নাহি পরাজয়।
থাক্ না অরির সেনা অযুত অতুল
থাক্ না অরির শক্তি অসীম প্রতুল
হবে ছারখার অই ফেরাওন প্রায়
ডুবিবে অতল জলে পানি-পিপাসায়
হউক সে ছাদ্দাদ বল পরাক্রমে
গড়ুক কল্পিত স্বর্গ অদম্য উদ্যমে
কিন্তু সাধ্য নাই তায় করে সে নির্ভয়
স্বর্গলাভ আশা ক'রে যা'বে যমালয়
কি ভয় কি ভয় তবে কি ভয় কি ভয়?
গাও সবে মেঘনাদে ইসলামের জয়
হউক তুরস্ক নাশ অথবা মিশর
করুক বিরাট রাজ্য অতি ক্ষুদ্রতর
নিয়ে যা'ক অর্দ্ধচন্দ্রে মারুক-সেনানী

হবে না বিক্ষিপ্ত তবু মোস্লেম কখনি
বরং গম্ভীরনাদে 'জাহেদ' পরাণ
করিবে মুমূর্ষু সৈন্যে শত শক্তিবান
গাহিবে যখন তারা "দান দীন দীন"
কে বলে অরির শক্তি হবে না বিলীন ?
কি ভয় কি ভয় তবে কি ভয় কি ভয় ?
গাও সবে ঘোর রবে ইসলামের জয়।
যেমন মরিচা হয় হুতাশনে ক্ষয়
বিপদে মোস্লেম প্রাণ হয় নিরাময়
গাও সবে ঘোর রবে জগদীশ জয়।
সত্য সনাতন ধর্ম্ম ইসলামের জয়॥

(একবাল)

(৬)

চীন ও আরব হামারা হিন্দুস্থান হামারা।
মোসলেম হেঁ হাম ওতান হেয় ছাড়া জাহান হামারা॥
আয়ে গুলেস্থানে উন্দুলুছ ও দেন হেয় এয়াদ তুজকে
থা তেরে ডালিওঁ মে জো আশিয়াঁ হামারা॥

* * * * *

খঞ্জরে হেলাল কা হেয় কৌমি নেশাঁ হামারা॥
তৌহিদ কি আমানত ছিনু মে হেয় হামারে
মম্‌কেন নেহি মিটানা নাম ও নেশাঁ হামারা॥

দুনিয়া কে বুৎ কাদে মে পহেলা ওহ্ ঘর খোদাকা
হাম ইছ্কে পাচবাঁ হেঁ ও পাছবাঁ হামারা ॥
আয়ে আর্দে পাক তেরি খেদমত মে কাট্মরি হাম
হে খুন তেরি রগুঁমে আপতক রুবাঁ হামারা ॥
একবাল কা তরানা বাঙ্গ দরাহে গুয়া
হুতাছে জাবেদা পয়মা ফের কারুয়াঁ হামারা ॥

(একবাল)

(৭)

দেশ আজি ডাক্ছে তোরে
থাকিস্নে আর ঘুমঘোরে
মরার মত থাক্বি যত
লুপ্ত গৌরব পা'বে নারে।
দেশ আজি ডাকছে তোরে ॥
আস্বে যদি আয়রে আয়
দেশটী আবার তোকেই চায়
বণিক জাতি মারবে লাথি
সে ব্যথা আর সইবে নারে ॥
দাসত্ব পশরা ফেলিয়া দিলে
স্বাধীনতা ধন মাথায় নিলে
আমার দেশে ভিখারী বেশে
মরবে না কেউ অনাহারে ॥

তোমরা যে মানুষ জাতি
জানুক নিখিল বসুমতি
পাখীর মত মরবি কত
ডায়ার বন্দুক শিকারে।

(৮)

বসেছি যখন গাহিতে গান
গাহিতে বাধা দিও না আর
জীবনের মত ধরিব তান
ভাঙ্গুক বীণা-ছিঁড়ুক তার ॥
বহুদিন পরে আজি পেয়েছি সুর
সে সুরে আজি গাহিব মধুর
উঠিবে গগনে নিনাদ নির্ঘোষ
ঘুচিবে হৃদয়-যাতনা ভার।

শীঘ্রই বাহির হইতেছে—

১। খেলাফৎ সঙ্গীত (২য় খণ্ড)

২। বৃথা কান্না

৩। তুর্কী সন্ধি

৪। তুর্কী মুসলমানের অবস্থা।

৫। মোহাম্মদ আলীর জীবনী।

প্রাপ্তিস্থান—
খেলাফৎ অফিস,
ময়মনসিংহ।

ময়মনসিংহ চারুযন্ত্রে—
শ্রীবরদাকান্ত পাল কর্ত্তৃক মুদ্রিত।